



পঞ্চমস্তম্ভী বাংলাদেশ সরকার

৩নং দাইপুখুরিয়া ইউনিয়ন পরিষদ

ডাকঘরঃ আড়গাড়াহাট, উপজেলাঃ শিবগঞ্জ, জেলাঃ চাঁপাইনবাবগঞ্জ।

Email: daipukuriaup3@gmail.com

Web: www.daipukuria.chapainawabganj.gov.bd # ০১৭১৫-২১০৩৮৪

তারিখ: ২৬/০৭/২০২৩খ্রি:

একটি জরুরী ঘোষণা

প্রিয় এলাকাবাসী,

আসসালামু আলাইকুম। এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র ইউনিয়ন পরিষদ চত্বরে উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্কভাত, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন করা হবে। উক্ত ভেরিফিকেশন কার্যক্রম অনুষ্ঠিত হবে যথাক্রমে:

১ম দিন ০২/০৮/২০২৩ইং তারিখ রোজ বুধবার ১, ২ ও ৩ নং ওয়ার্ড।

২য় দিন ০৩/০৮/২০২৩ইং তারিখ রোজ বৃহঃপ্রতিবার ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড।

৩য় দিন ০৬/০৮/২০২৩ইং তারিখ রোজ রবিবার ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড।

লাইভ ভেরিফিকেশনের দিন যে সকল কাগজ পত্রাদি সংশ্লে নিয়ে আসতে হবে:

- ১। ভাতাভোগীকে স্বশরীরে উপস্থিত হতে হবে।
- ২। ভাতা ভোগীর আইডি কার্ডের/ জন্মনিবন্ধন কার্ডের ফটোকপি এবং উক্ত ফটোকপি কাগজের নিচ দিকে ভাতাভোগীর মোবাইল নং লিখে রাখতে হবে।
- ৩। ভাতার বইটি সংশ্লে আনতে হবে।
- ৪। ভাতা বই এর কভারপেজ ও তাহার পরের ছবিযুক্ত পেজের ফটোকপি আনতে হবে।
- ৫। বিধবা ভাতার ক্ষেত্রে ভাতা বই এর কভারপেজ ও তাহার পরের ছবিযুক্ত পেজের ফটোকপি ও স্বামীর মৃত্যু সনদ এবং তালাক প্রাপ্তার ক্ষেত্রে ভাতা বই এর কভারপেজ ও তাহার পরের ছবিযুক্ত পেজের ফটোকপি ও তালাকের মূল কপিসহ এক কপি ফটোকপি সংশ্লে আনতে হবে।
- ৬। প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে ভাতা বই এর কভারপেজ ও তাহার পরের ছবিযুক্ত পেজের ফটোকপি ও প্রতিবন্ধী স্মার্ট কার্ডের একটি ফটোকপি, যদি স্মার্ট কার্ড না থাকে তাহলে প্রতিবন্ধীর মূল স্লিপ সহ একটি ফটোকপি সাথে নিয়ে আনবেন।

উপরোক্ত কাগজপত্র সাথে নিয়ে যথা সময়ে ইউনিয়ন পরিষদের উপস্থিত হওয়ার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হইল।

অনুরোধ ক্রমে

মোহাঃ আলোমগীর

চেয়ারম্যান

৩নং দাইপুখুরিয়া ইউনিয়ন পরিষদ

শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
মোহাঃ আলোমগীর

চেয়ারম্যান

৩নং দাইপুখুরিয়া ইউনিয়ন পরিষদ